

যুগান্তর

পরীক্ষায় অসদুপায় অবলম্বন

বানারীপাড়া ও বাউফলে শিক্ষকসহ ১১জন বহিষ্কার

প্রকাশ : ১১ নভেম্বর ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বাউফল ও বানারীপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর বাউফলে জেএসসি পরীক্ষায় অসদুপায় অবলম্বন ও সহযোগিতা করার অপরাধে ৩ শিক্ষক ও ৬ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। উপজেলার নওমালা ইউনিয়নের আবদুর রশিদ খান ডিগ্রি কলেজ ভেন্যু থেকে ওই ৩ শিক্ষক ও ৬ পরীক্ষার্থীকে বহিষ্কার করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা পিয়ুষ চন্দ্র। অপরদিকে বানারীপাড়ায় একই অপরাধে দুই শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বাউফলে বহিষ্কার হওয়ার শিক্ষকরা হলেন- বজলুর রহমান ফাউন্ডেশন গালার্স সেমিনারি বিদ্যালয়ের সহকারী শিক্ষক মাওলানা আবদুল জব্বার, মহাশ্রদ্ধি মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা সুগন্ধা রানী ও ছোনখোলা পাতাবুনিয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো. আউয়াল খান। বহিষ্কার হওয়া পরীক্ষার্থীরা হল- মোসা. শারমিন আক্তার, মো. সজীব, মো. ইমরান, তরিকুল ইসলাম, মো. মেহেদী হাসান সজীব, মোসা ও খাদিজা বেগম। ঘটনার সত্যতা স্বীকার করেছেন কেন্দ্র সচিব মো. নাছির উদ্দিন। এদিকে বানারীপাড়ায় জেএসসি পরীক্ষা চলাকালীন সময় উপজেলা নির্বাহী কর্মকর্তা শেখ আবদুল্লাহ সাদীদ নকল করার অপরাধে দুই শিক্ষার্থীকে বহিষ্কার করেন। সরকারি বানারীপাড়া ইউনিয়ন ইন্সটিটিউশন পাইলট ও হাসিনা মোরশেদ বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে এ ঘটনা ঘটে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।